# ভারত-গণপ্রজাতন্ত্রী কোরিয়ার মধ্যে বিদেশনীতি ও নিরাপত্তা বিষয়ে তৃতীয় বার্তালাপ

ভারত ও গণপ্রজাতন্ত্রী কোরিয়াব(আরওকে.) মধ্যে বিদেশনীতি ও নিরাপত্তা বিষযে(এফপিএসডি.) আজ সিওলে তৃতীয় বার্তালাপ অনুষ্ঠিত হয়। ভারতীয় দলের নেতৃত্ব দেন পররাষ্ট্রমন্ত্রকের সচিব(পূর্ব) অশোক কে কান্থা । প্রতিনিধিদলে অন্যদের মধ্যে ছিলেন রাষ্ট্রদূত বিষ্ণু প্রকাশ ও পররাষ্ট্রমন্ত্রক,প্রতিরক্ষা ও অসামরিক বিমান পরিবহণের উচ্চপদস্থ অফিসাররা। আরওকের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বিদেশমন্ত্রকের প্রথম সহকারি মন্ত্রী মিঃ কিম কিউ-হুয়ান।

২.সচিব কান্থা ও ভারতীয় প্রতিনিধিদল পরে বিদেশমন্ত্রী মিঃ ইউয়ান বায়উং-সে র সংগে সাক্ষাৎ করেন এবং রাষ্ট্রদূত জু ছুল-কি ও প্রেসিডেন্টের বিদেশনীতিও জাতীয় নিরাপত্তা বিষয়ক সিনিয়ার সচিবের সংগে বৈঠক কবেন । বিদেশমন্ত্রী ইউয়ান আগামী নভেম্বর মাসের গোড়ায় ভারতে আসবেন। এখানে তিনি আসছেন দ্বিপাক্ষিক যৌথ কমিশনের বৈঠক ও আসেম বিদেশমন্ত্রীদের বৈঠকে যোগ দিতে।

৩. উভয়পক্ষ স্ট্র্যাটেজিক অংশীদারি আরো সম্প্রসারণ ও গভীর করার জন্য আলোচনা করে। আর্থিক , প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা,সাংস্কৃতিক বিনিময় ও জনতার সংগে জনতার সম্পর্ক বৃদ্ধির বিষয় সহ দ্বিপাক্ষিক সম্পর্কের বিষয়গুলি পর্যালোচনা করে। এই পরিপ্রেক্ষিতে মহাকাশ ও পরমাণু সংকরান্ত সহযোগিতার সম্ভাবনা,দ্বিপাক্ষিক সুসংহত অর্থনৈতিক  অংশীদারি চুকতির উন্নতি ও প্রতিরক্ষা উৎপাদন বিষয়ে সহযোগিতা নিয়েও উভয়পক্ষ আলোচনা করে। নৌপথের ও সাইবার নিরাপত্তার ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর জন্য উভয়পক্ষ একমত হয়। উভয়পক্ষ আরওকের প্রেসিডেন্ট সম্মানীয় মাদাম পার্ক গিউন-হাইয়ের আসন্ন ভারত সফরের সম্ভাব্য ফলাফল নিয়েও আলোচনা করেছে।

৪. উভয়পক্ষ অভিন্ন স্বার্থের আঞ্চলিক ও আর্ন্তজাতিক  বিষয় সহ পূর্ব-এশিয়ার আঞ্চলিক বিষয়ে সহযোগিতা বাড়ানোর জন্য একমত হয়েছে। আরওকে পক্ষ কোরিয়া উপদ্বীপ এলাকার পরিস্থিতি সম্পর্কে একটি ব্রিফিং দেয়। আফগানিস্তানের সাম্প্রতিক ঘটনাবলী নিয়ে মত বিনিময় করা হয়েছে।উভয়পক্ষ একমত হয়েছে,চতুর্থ ভারত-আরওকে বিদেশনীতি ও

নিরাপত্তা বার্তালাপ ২০১৪ সালে নয়াদিল্লিতে অনুষ্ঠিত হবে। এর জন্য তারিখ পরে উভয়পক্ষের সম্মতিতে নিদ্ধারণ করা হবে.

নয়াদিল্লি

সেপ্টেম্বর ২, ২০১৩